সংবাদ

তারিখ ... 13 JUN 2017 ... পৃষ্ঠা ... ১৬ ... কলাম ... ২ ...

সংসদে প্রশ্নোত্তর

# সব উপজেলায় একটি করে স্কুল ও কলেজ সরকারি হবে

## প্রশ্ন ফাঁস রোধে সর্বাত্মক চেষ্টা চলছে

সংসদ বার্তা পরিবেশক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, দেশের যেসব উপজেলায় সরকারি মাধ্যমিক বিদ্যালয় ও কলেজ নেই, সেসব উপজেলায় একটি করে মাধ্যমিক বিদ্যালয় ও একটি করে কলেজ সরকারিকরণের লক্ষ্যে মন্ত্রণালয়ের কার্যক্রম চলছে। গতকাল দশম জাতীয় সংসদের ১৬তম (বাজেট) অধিবেশনের ৯ম কার্যদিবসে খুলনার সংসদ সদস্য এসএম মোস্তফা রশিদীর প্রশ্নের জবাবে মন্ত্রী এসব কথা বলেন। এর আগে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে অধিবেশনের শুরুতে প্রশ্ন জিজ্ঞাসা ও উত্তর পর্ব টেবিলে উপস্থাপিত হয়।

শিক্ষামন্ত্রী বলেন, ইতোমধ্যে ২৮৫টি বেসরকারি কলেজ সরকারিকরণের লক্ষ্যে অর্থ মন্ত্রণালয় থেকে প্রয়োজনীয় আর্থিক সম্মতি পাওয়া গেছে। সে আলোকে শীঘ্রই পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। সরকারি দলের ইসরাফিল আলমের প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ জানান, জাতীয় শিক্ষানীতি ২০১০ বাস্তবায়নের অংশ হিসেবে 'শিক্ষা আইন' এর খসড়া চূড়ান্ত পর্যায়ে রয়েছে সব : পৃষ্ঠা : ২ ক : ১

## সব : উপজেলায়

(১৬ পৃষ্ঠার পর)

খসড়াটি নীতিগত অনুমোদনের জন্য শীঘ্রই মন্ত্রিপরিষদ বিভাগে পাঠানো হবে।

**প্রশ্ন ফাঁস রোধে সর্বাত্মক প্রচেষ্টা :** সরকারিদলের হাবিবুর রহমান মোল্লার এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেন, পাবলিক পরীক্ষার প্রশ্ন ফাঁস রোধে সরকার সর্বাত্মক প্রচেষ্টা চালাচ্ছে। এ কার্যক্রমের অংশ হিসেবে পরীক্ষার্থীদের জন্য পরীক্ষা চলাকালীন পরীক্ষা কেন্দ্রে কোন প্রকার মোবাইল ফোন বহন করা সম্পূর্ণ নিষিদ্ধ করা রয়েছে। এছাড়া, কেন্দ্র সচিব ছাড়া অন্য শিক্ষকদের ক্ষেত্রেও পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন বহন বা ব্যবহার নিষিদ্ধ করা হয়েছে। এমনকি কেন্দ্র সচিবও পরীক্ষা কেন্দ্রে স্মার্টফোন ব্যবহার করতে পারবেন না। তিনি বলেন, যেসব পরীক্ষা কেন্দ্রে এর ব্যত্যয় ঘটেছে সেখানেই সংশ্লিষ্টদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হয়েছে।

সরকারিদলের সদস্য মো. নজরুল ইসলাম বাবুর এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী বলেন, দুর্বল শিক্ষার্থীদের উন্নত শিক্ষা নিশ্চিতে অতিরিক্ত ৮ হাজার ৯১৯ জন শিক্ষক নিয়োগ দেয়া হয়েছে। সব শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার মানবৃদ্ধির লক্ষ্যে বহুবিধ কার্যক্রমের অংশ হিসেবে ২০১১ সালের ১৪ জুন থেকে ২০১৫ সালের জুলাই পর্যন্ত দেশের সেরা শিক্ষা প্রতিষ্ঠানগুলোর শিক্ষকদের ইংরেজি, গণিত, বিজ্ঞান প্রভৃতি বিষয়ে শ্রেণী পাঠদান কার্যক্রম সপ্তাহে তিন দিন সকাল ৯টা ১০ মিনিট থেকে ১০টা পর্যন্ত বাংলাদেশ টেলিভিশনের মাধ্যমে প্রচার করা হয়েছে।

### ইংরেজি শিক্ষায় গুরুত্ব দেয়া হয়েছে : গণশিক্ষামন্ত্রী

প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান বলেছেন, প্রথম শ্রেণী থেকে বাধ্যতামূলক করে ইংরেজি শিক্ষায় গুরুত্ব প্রদান করা হয়েছে। গতকাল সংসদে জাতীয় পার্টির সদস্য বেগম সালমা ইসলামের এক প্রশ্নের জবাবে মন্ত্রী এ কথা বলেন। মন্ত্রী বলেন, শিক্ষাক্রমের আওতায় প্রতিটি শ্রেণীতে ইংরেজি পাঠদান যথাযথকরণে শিক্ষক সংস্করণ প্রকাশের মাধ্যমে শিক্ষক সহায়িকা ও নির্দেশনা নিশ্চিত করা হয়েছে। মোস্তাফিজুর রহমান বলেন, ইংরেজি বিষয়ে শিক্ষকদের দক্ষ করে তোলার জন্য কাস্টমাইজড বিশেষ প্রশিক্ষণসহ বিষয়ভিত্তিক প্রশিক্ষণ দেয়া হচ্ছে। প্রাথমিক শিক্ষা মন্ত্রী বলেন, এছাড়াও প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের ইংরেজি ভাষায় দক্ষ করার জন্য এবং শ্রেণীকক্ষভিত্তিক ইংরেজি শিখন শেখানো কার্যকর ও আকর্ষণীয় করার জন্য ইংলিশ ইন অ্যাকশন প্রকল্পের মাধ্যমে উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

**রাজউক এলাকার জন্য নতুন স্ট্রাকচার প্ল্যান চূড়ান্ত পর্যায়ে :** গণপূর্তমন্ত্রী গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন বলেছেন, পরিকল্পিত নগরায়ন নিশ্চিতকল্পে রাজউক আওতাধীন এলাকার জন্য প্রণিতব্য নতুন স্ট্রাকচার প্ল্যান চূড়ান্ত পর্যায়ে রয়েছে। গতকাল সংসদে সরকারিদলের সদস্য এম আবদুল লতিফের এক লিখিত প্রশ্নের জবাবে মন্ত্রী এসব কথা বলেন।

মন্ত্রী আরও বলেন, ঢাকা শহরের জন্য এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) আর্থিক সহায়তায় সিটি রিজিয়ন ডেভেলপমেন্ট প্রজেক্টের অধীনে ঢাকা স্ট্রাকচার প্ল্যান (১৯৯৫-২০১৫) ও ডিটেইল্ড এরিয়া প্ল্যান (২০১০-২০১৫) রিভিউ করে রাজউক আওতাধীন এলাকার জন্য প্রণিতব্য নতুন স্ট্রাকচার প্ল্যান (২০১৬-২০৩৫) চূড়ান্ত পর্যায়ে রয়েছে। মন্ত্রী বলেন, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের পৃথক পৃথক মাস্টার প্ল্যান রয়েছে এবং এর আলোকে পরিকল্পিত নগরায়ন নিশ্চিত করা হয়েছে।

**প্লট না পাওয়া এমপিদের তালিকা সংরক্ষিত নেই :** জাতীয় পার্টির সদস্য নুরুল ইসলাম মিলনের অন্য এক লিখিত প্রশ্নের জবাবে গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী বলেন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ দেশে মোট ৫ হাজার ১৭৩ জনকে প্লট বরাদ্দ দিয়েছে। তবে বর্তমান সংসদের কোন সদস্যকে প্লট বরাদ্দ দেয়া হয়নি। মন্ত্রী বলেন, দেশের ১ হাজার ১৩৪ জন ব্যক্তিকে রাজউকের বিভিন্ন প্রকল্পে প্লট বরাদ্দ দেয়া হয়েছে। রাজউক থেকে প্লট বরাদ্দ না পাওয়া এমপিদের তালিকা রাজউকে সংরক্ষিত নেই। তিনি বলেন, এমপিদের জন্য পূর্বাচলে নতুন প্রকল্পে ১৫৫টি এবং সম্প্রসারিত উত্তরা ৩য় পর্ব প্রকল্পে ৮৩টি প্লট বরাদ্দ প্রদান করা হয়েছে। এছাড়া ঝিলমিল আবাসিক প্রকল্পে ১৯ জন এমপির অনুকূলে প্লট বরাদ্দ কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।